গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.১০৪.৯৯.০০৭.২০ ২৭২৫

তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ নভেম্বর,২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ঘোষ সুবব্রত, উপমহাপরিচালক, বিবিএস। |
| সভার তারিখ | : | ২৩ নভেম্বর, ২০২০ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | উপমহাপরিচালক এর সভাকক্ষ এবং Zoom Cloud Platform । |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২.০ সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেনাজ তাবাসসুম, ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নলিখিত আলোচনা হয়।

৩.০ আলোচনা:

৩.১) আলোচ্যসূচি (ক) অনুযায়ী সভায় মাঠ পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচকসমূহের অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর,২০২০) অগ্রগতি প্রতিবেদন বিষয়ক পর্যালোচনা করা হয়। Zoom Cloud Platform এর মাধ্যমে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় এর যুগ্ম পরিচালকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। এ সময় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, মাঠ পর্যায়ের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ প্রস্তুত করা হয়েছে। গত ২৬ জুলাই, ২০২০ তারিখে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের সাথে যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ স্বাক্ষরিত হয়। মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ১৪ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে। এ পরিপ্রেক্ষিতে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচকসমূহের অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন (জুলাই-ডিসেম্বর, ২০২০) প্রমাণকসহ বিবিএস এর এপিএ টিম বরাবর প্রেরণের বিষয়টি সকলকে অবহিত করা হয়। টাইমলাইন অনুযায়ী এপিএ বাস্তবায়নে মাঠ পর্যায়ে কোন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে কি না সভাপতি তা জানতে চান। এ সময় যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী জানান যে, প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসাব প্রাক্কলন এবং নমুনা কর্তন সংক্রান্ত বার্ষিক তথ্য সংগ্রহের জন্য এপিএ তে নির্ধারিত সময়সীমা মোতাবেক কার্য সম্পাদনে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এ প্রেক্ষিতে মাঠ পর্যায় হতে বিবিএস সদর দপ্তরে ফসল সংক্রান্ত হিসাব প্রেরণ সময়সূচি মোতাবেক এপিএ তে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে পরিচালক, কৃষি উইং সভাকে অবহিত করেন। তবে যুগ্ম পরিচালকগণ কর্তৃক যৌক্তিক কারণসহ সময়সীমা পরিবর্তনের প্রস্তাব মহাপরিচালক বরাবর প্রেরণ করা হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে এপিএ তে উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মসম্পাদন সূচকসমূহ সম্পাদনে বিলম্ব হওয়ার কারণসমূহ (যদি থাকে) অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদনের মন্তব্য কলামে প্রদান করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.২) আলোচ্যসূচি (খ) অনুযায়ী নভেম্বর ২০২০ মাসের বাস্তবায়নযোগ্য কর্মসম্পাদন সূচক [২.৫.১] নগর আর্থসামাজিক অবস্থা নিরূপণ জরিপ এর প্রতিবেদন প্রকাশ এর অগ্রগতি বিষয়ক আলোচনা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আলমগীর হোসেন জানান যে, এপিএ তে নির্ধারিত সময়সীমা অর্থাৎ ৩০ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রকাশ করা সম্ভব হবে বলে আশা করা যায়। এছাড়া কর্মসম্পাদন সূচক [১.৬.১] ওজিডি এর ওয়েবপোর্টালে ২০২০-২১ অর্থবছরে ১০টি ডাটাসেট আপলোডকরণের বিষয়টি উল্লেখ থাকলেও এখন পর্যন্ত একটি ডাটাসেটও আপলোড করা হয়নি বিধায় সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে তাগিদ প্রদান করার বিষয়ে পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং মত প্রদান করেন। এছাড়া ডিসেম্বর, ২০২০ এর মধ্যে বাস্তবায়নযোগ্য এবং

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের উদ্দেশ্যে এপিএ টিমের পরবর্তী মাসিক সভায় আমন্ত্রণ করা যেতে পারে মর্মে সভাপতি মত প্রদান করেন। সভায় সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

৪.১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মাঠ পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচকসমূহের অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন (জুলাই-ডিসেম্বর, ২০২০) প্রমাণকসহ বিবিএস এর এপিএ টিম প্রধান বরাবর প্রেরণের জন্য যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বরাবর পত্র প্রদান করতে হবে।

৪.২) মাঠ পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ তে উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মসম্পাদন সূচকসমূহ সম্পাদনে বিলম্ব হওয়ার কারণসমূহ (যদি থাকে) অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদনের মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

৪.৩) ডিসেম্বর, ২০২০ এর মধ্যে বাস্তবায়নযোগ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের উদ্দেশ্যে এপিএ টিমের পরবর্তী মাসিক সভায় আমন্ত্রণ জানাতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২০২০

ঘোষ সুব্রত
উপমহাপরিচালক, বিবিএস
ও
প্রধান, এপিএ টিম
বিবিএস

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস ওয়েবসাইটের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।
০৩) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/বরিশাল/চট্টগ্রাম বিভাগ।
০৪) জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, সেন্সাস উইং, বিবিএস, ঢাকা।
০৫) জনাব মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
০৬) জনাব প্রলয় কুমার গোস্বামী, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার উইং, বিবিএস,ঢাকা।
০৭) জনাব মোহাম্মদ জুনাঈদ ভূঁইয়া, পরিসংখ্যান কর্মকর্তা, উপমহাপরিচালকের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা।

অনুলিপি: জ্ঞাতার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২) স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩) স্টাফ অফিসার, উপ-মহাপরিচালকের কার্যালয়, বিবিএস (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ) ।
০৪) অফিস কপি।